



BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/১১২৯

তারিখঃ ১৯/১১/২০১৩ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫০০ তম কমিশন সভা অদ্য ১৯/১১/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. এমারেন্ড অয়েল ইন্ডাস্ট্রিজ লিঃ এর ১০ টাকা মূল্যমানের ২ কোটি টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ২০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে মেয়াদী ঋণ পরিশোধ, চলতি মূলধন এবং প্রাথমিক গণ প্রস্তাব এর খরচ খাতে ব্যয় করবে। এমারেন্ড অয়েল ইন্ডাস্ট্রিজ লিঃ এর ৩০শে জুন ২০১৩ সালের আর্থিক প্রতিবেদন অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ২.৮৫ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ১৪.০৬ টাকা। উল্লেখ্য, এমারেন্ড অয়েল ইন্ডাস্ট্রিজ লিঃ এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে অ্যালায়েন্স ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিঃ।


২. কমিশনের নিজস্ব সার্ভেইল্যান্স সফটওয়্যার “Instant Watch” এর মাধ্যমে ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর নিম্নলিখিত স্টক ব্রোকারদের Short Selling এর বিষয়টি সনাক্ত হয়ঃ

ক) R. N. Trading Ltd. (DSE Member No. 78) গত ২৩ এপ্রিল ২০১৩ ইং তারিখে ফু ওয়াং সিরামিক লিঃ এর ২০০০ শেয়ার Short Selling করার মাধ্যমে Dhaka Stock Exchange (Short-Sale) Regulations, 2006 এর Regulation 4(1) ভঙ্গ করে;

খ) Jalalabad Securities Limited (CSE Member No. 104) গত ১৫ মে ২০১৩ ইং তারিখে সামিট পাওয়ার এর ২০০০ শেয়ার Short Selling করার মাধ্যমে Chittagong Stock Exchange (Short-Sale) Regulations, 2005 এর Regulations 4(1) ভঙ্গ করে।

সভায় উল্লেখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করায় বর্ণিত স্টক ব্রোকার প্রতিটিকে ১.০০ লক্ষ টাকা করে জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. কন্টিনেন্টাল ইন্স্যুরেন্স ফার্স্ট মিউচুয়াল ফান্ড এর ট্রাস্টি কর্তৃক ফান্ডটির অবলুপ্তির প্রস্তাব অনুযায়ী ফান্ডটির বিলুপ্তির মাধ্যমে উদ্যোক্তার বিনিয়োগের অংশ ফেরৎ প্রদানে কমিশন সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। তবে উক্ত ফান্ডের ব্যয় সম্পর্কিত কতিপয় বিষয়ে স্পষ্টিকরণ সাপেক্ষে ফান্ডটির পরিপূর্ণ অবলুপ্তি সম্পন্ন হবে মর্মেও সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।


মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র